আলমডাঙ্গা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. শারমিন আক্তারের সম্মাননা লাভ

আলমডাঙ্গা উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. শারমিন আক্তার “সেরা স্ক্রিনিং পারফরম্যান্স, জেলা ভিত্তিক, খুলনা বিভাগ-২০২৬” সম্মাননা লাভ করেছেন।

গতকাল শনিবার কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথি বাংলাদেশ মেডিকেল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ডা. এফ এম সিদ্দিকী আনুষ্ঠানিকভাবে তার হাতে এ সম্মাননা তুলে দেন।

জানা গেছে, ইলেকট্রনিক ডাটা ট্র্যাকিংসহ জনসংখ্যাভিত্তিক জরায়ুমুখ ও স্তন ক্যান্সার স্ক্রিনিং কর্মসূচি শীর্ষক প্রকল্পের আওতায় পরিচালিত কার্যক্রমে জানুয়ারি ২০২৬ থেকে এপ্রিল ২০২৬ পর্যন্ত পারফরম্যান্সের ভিত্তিতে তিনি “সেরা স্ক্রিনিং পারফরম্যান্স, জেলা ভিত্তিক, খুলনা বিভাগ-২০২৬” সম্মাননার জন্য নির্বাচিত হন।

গত শনিবার কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালের সভাকক্ষে আয়োজিত অনুষ্ঠানে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালের অধ্যক্ষ ও প্রধান অতিথির হাত থেকে তিনি এ সম্মাননা গ্রহণ করেন।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্বাস্থ্য অধিদপ্তরের পরিচালক (পিএসসি) ডা. সৈয়দ কামরুল ইসলাম, প্রকল্প পরিচালক বাংলাদেশ মেডিকেল বিশ্ববিদ্যালয়ের ডা. আশরাফুন্নেছা এবং কুষ্টিয়া মেডিকেল কলেজের শিক্ষকবৃন্দ।

ডা. শারমিন আক্তারের এ সম্মাননা লাভে আলমডাঙ্গা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আরএমও, মেডিকেল অফিসার, উপ-সহকারী কমিউনিটি মেডিকেল অফিসারসহ সকল কর্মকর্তা-কর্মচারী তাকে অভিনন্দন জানিয়েছেন।